# অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে ইফতার পার্টি অনুষ্ঠিত

আতিকুর রহমান ॥ অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে প্রতিবারের মত এবারও পবিত্র রমজান উপলক্ষে গত ২৯ জুলাই রবিবার মিন্টোস্থ Iqra Grammar College Hall এ ইফতার পার্টি অনুষ্ঠিত হয়। ইফতারের পূর্বে পবিত্র রমজানের গুরুত্ব সর্ম্পকে সংক্ষিপ্ত আলোচনা হয়। এ পর্বের উপস্থাপনের দায়িত্ব পালন করেন সংগঠনের সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার। “Why Ramadan is so Special?” এর উপর বিশদ আলোচনা করেন সেফটন মসজিদের প্রাক্তন এডভাইজার ও ইমাম এবং সংগঠনের প্রাক্তন সভাপতি ড. আবু ওমর ফারূক আহমদ। ড. আবু ওমর ফারূক পবিত্র রমজানের পালন ও করনীয় সম্পর্কে গুরুত্বপূর্ন আলোচনা করেন। ইফতার অনুষ্ঠানে আরও সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের মেয়র Mr. Anoulack Chanthivong ও আসন্ন ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে বাংলাদেশী বংশদ্ভোত স্বতন্ত্র পদপ্রার্থী আবুল সরকার। জনাব আবুল সরকার কমিউনিটির উন্নয়নের জন্য আসন্ন নির্বাচনে সকলের সহযোগিতা ও ভোট প্রদানের অনুরোধ জানান। পরে ইফতারে সকল মুসল্লিরা অংশগ্রহন করেন। হলে কানায় কানায় পরিপূর্ন ইফতার পার্টি অনুষ্ঠানে সিডনীর বিভিন্ন মিডিয়ার সম্পাদকবৃন্দ, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ ছাড়াও অন্যান্য কমিউনিটির নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক মুসল্লী ইফতারের অংশগ্রহন করেন। সিডনির অন্যতম জনপ্রিয় ওয়েব সাইট ”সিডনীবাসী-বাংলা ডট কম” এর সম্পাদক জনাব আবদুল মতিন, বাংলা বার্তা পত্রিকার সম্পাদক জনাব আসলাম মোল্লা ও দেশ-বিদেশ পত্রিকার কর্মাশিয়াল ম্যানেজার জনাব কামরুল হোসেন, মিন্টো মসজিদ পরিচালনা কমিটির সভাপতি জনাব আনোয়ারসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।









